

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৩৫

খোয়াই, ৩০ জানুয়ারি, ২০২৪

খোয়াই জেলা টিবি ফোরামের সভা অনুষ্ঠিত

খোয়াই জেলা টিবি ফোরামের এক সভা আজ জেলা প্রশাসনের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। খোয়াই টিবি সেন্টারের উদ্যোগে আয়োজিত এই সভায় সেন্টারের আধিকারিক ডা. অসীম দেববর্মা জানান, গত বছরে জেলায় মোট ১০,৭৭৮ জনের টিবি রোগ সনাক্তকরণ পরীক্ষা করানো হয়। এরমধ্যে ২৭৯ জনের এই রোগ ধরা পড়ে। জেলায় নিষ্কয় পোষণ যোজনায় তাদের ৫০০ টাকা করে আর্থিক সহায়তা এবং প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত অভিযানে একটি করে ফুড বাস্কেট প্রদান করা হয়েছে। এই সভায় সভাপতিত্ব করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। এছাড়াও উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহর্তা চাঁদনি চন্দ্রন, জেলা ইম্যুনাইজেশন অফিসার ডা. বিক্রম দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*